# উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ এর নভেম্বর/২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আবুল কালাম

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ভালুকা, ময়মনসিংহ

তারিখঃ ২০/১১/২০২৩ | রোজঃ সোমবার | সময়ঃ ১০:৩০ টা

## উপস্থিত সদস্যবর্গঃ পরিশিষ্ট "ক"

উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা জনাব মোঃ আবুল কালাম সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ এরশাদুল আহমেদ কে অনুরোধ জানান এবং তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।

বিগত সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে পর্যালোচনা করা হয়। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী সভায় আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনাঃ

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) :<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) / উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল / উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য গ্রহীত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে গ্রহীত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভালুকা;<br>উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা;<br>উপজেলা প্রকৌশলী, (LGED),ভালুকা;</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা স্বাস্থ্য বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা,ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে পরিচালিত হচ্ছে ।</td><td>বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে আগত রোগীদের সু-চিকিৎসা প্রদানের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ দপ্তর হতে এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।
<table>
<tr><th>ক্র:নং</th><th>সেবার ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সক্ষম দম্পতি</td><td>৯১০৭৬ জন</td></tr>
<tr><td>০▯</td><td>পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহিতা</td><td>৭০০২৯ জন</td></tr>
<tr><td>০৩▯</td><td>সেবা গ্রহিতার হার (CAR)</td><td>৭৬.৮৯ %</td></tr>
<tr><td>০৪▯</td><td>স্থায়ী পদ্ধতি</td><td>০৭ জন</td></tr>
<tr><td>০৫</td><td>আইইউডি</td><td>৫৮ জন</td></tr>
<tr><td>০৬▯</td><td>ইমপ্ল্যান্ট</td><td>৬৪ জন</td></tr>
<tr><td>০৭</td><td>ইনজেকটেবল</td><td>৮৩৪২ জন</td></tr>
<tr><td>০৮</td><td>খাবার বড়ি</td><td>৪৬২৩৫ জন</td></tr>
<tr><td>০৯</td><td>কনডম</td><td>৫৯৬২ জন</td></tr>
<tr><td>১০</td><td>মোট গর্ভবতীর সংখ্যা</td><td>৩৭১০ জন</td></tr>
<tr><td>১১</td><td>গর্ভকালীন সেবার তথ্য</td><td>১৩৪৩ জন</td></tr>
<tr><td>১২▯</td><td>প্রসব সেবা</td><td>৫৮৭ জন</td></tr>
<tr><td>১৩</td><td>নরমাল ডেলিভারি সেবা</td><td>৩৪ জন</td></tr>
<tr><td>১৪</td><td>মোট জীবিত জন্ম</td><td>৪১৬ জন</td></tr>
<tr><td>১৫▯</td><td>প্রবোত্তর সেবার তথ্য</td><td>৮২৭ জন</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি ব্যবহার সম্পর্কে জনসচেতনতা ও গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধি করা এবং জনস্বাস্থ্য সম্পর্কে সচেতন করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>১৬</td><td>কিশোর - কিশেরীর সেবা</td><td>৩২৬৬ জন</td></tr>
<tr><td>১৭□</td><td>(০-) বছর শিশুর সেবা</td><td>৭৩১২ জন</td></tr>
<tr><td>১৮</td><td>পুষ্টি সেবা</td><td>৩৪৭১ জন</td></tr>
<tr><td>১৯</td><td>সাধারন রোগীর সেবা</td><td>৫৮৪৩ জন</td></tr>
<tr><td>২□</td><td>সম্পাদিত স্যাটেলাইটের সংখ্যা</td><td>৩০ জন</td></tr>
<tr><td>২১</td><td>কৈশোব বান্ধব প্রদত্ত সেবা</td><td>১৪৬ জন</td></tr>
<tr><td>২২</td><td>কমিউনিটি ক্লিনিকের প্রদত্ত সেবা</td><td>১২৬২ জন</td></tr>
<tr><td>২৩</td><td>সিএসবিত্রদের প্রদত্ত সেবা</td><td>১১১৮ জন</td></tr>
<tr><td>২৪</td><td>সিসবএদের প্রসব সেবা</td><td>২৮ জন</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>
<u>উপজেলা কৃষি বিভাগ :</u><br>
উপজেলা কৃষি কর্মকতা সভায় জানান যে, এ মাসের কার্যক্রম সমূহ নিম্নোক্ত ছক মোতাবেক প্রদর্শনীর সংখ্যা বাস্তবায়ন করা হয়েছে।
<table>
<tr><th>প্রকল্প / কর্মসূচির নাম</th><th>বাগান/ ফসল/ অন্যান্য কার্যক্রম</th><th>বাস্তবায়িত প্রদর্শনীর সংখ্যা / □অন্যান্য কার্যক্রম</th></tr>
<tr><td>রাজস্ব খাতের আওতায় প্রদর্শনী বাস্তবায়ন কার্যক্রম</td><td>আমন প্রদর্শনী</td><td>২০ টি</td></tr>
<tr><td rowspan="5">বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায়</td><td>আমন প্রদর্শনী</td><td>১৫টি</td></tr>
<tr><td>একক ফল বাগান</td><td>২টি</td></tr>
<tr><td>নন-গ্রুপ কৃষক প্রশিক্ষণ</td><td>১ ব্যাচ</td></tr>
<tr><td>খামারজাত সার</td><td>৩টি</td></tr>
<tr><td>ভার্মিকম্পোষ্ট</td><td>৪টি</td></tr>
<tr><td rowspan="2">কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্ট□ ও খাদ্য নিরাপত্তা জোরদার করণ প্রকল্প</td><td>ভার্মিকম্পোষ্ট□ প্রদর্শনী</td><td>৩ টি</td></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৪ ব্যাচ</td></tr>
<tr><td rowspan="2">আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায়</td><td>আমন প্রদর্শনী</td><td>১০ টি</td></tr>
<tr><td>কৃষক মাঠ স্কুল</td><td>৫ টি</td></tr>
<tr><td rowspan="2">কৃষি প্রণোদনা কর্মসূচি</td><td>পেঁয়াজ ফসল</td><td>২০</td></tr>
<tr><td>মাসকলাই</td><td>১৫০</td></tr>
<tr><td rowspan="2">তেল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প</td><td>আমন প্রদর্শনী</td><td>৩০টি</td></tr>
<tr><td>আমন ফলোআপ</td><td>২টি</td></tr>
<tr><td rowspan="2">লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প</td><td>প্রশিক্ষণ</td><td>১ ব্যাচ</td></tr>
<tr><td>প্রদর্শনী</td><td>৩০টি</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে দেশের খাদ্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য নিয়মিত চাষিদের কৃষি খামার পরিদর্শন সহ খাদ্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা কৃষি কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>
<u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :</u><br>
উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত সেবা প্রদান করা হয়েছে।<br>
ক) গবাদি প্রাণির টিকা প্রদান = ২৮৭২ টি<br>
খ) হাঁস মুরগীর টিকা প্রদান = ৯০০০০<br>
গ)গবাদি পশুর চিকিৎসা = ১৬৪৭ টি<br>
ঘ) হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান = ২২০১০ টি<br>
ঙ) গাভীর প্রজনন = ৩৫১ টি
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে প্রাণি সম্পদ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য, প্রাণি খাদ্যের মান, চাষিদের খামার পরিদর্শন সহ প্রাণি সম্পদ বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | চ) গাভীর বাচ্চা জন্ম = ১৮৭ টি<br>২) ক. কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজস্ব আয় = ২৬৩২৫/-<br>খ. হাঁস-মুরগীর টিকা বিক্রি রাজস্ব আয় = ৪৪৫১০/-<br>গ. খামার /ফিড মিল রেজি: ফি বাবদ রাজস্ব আয়<br>মোট আয় রাজস্ব আয় = ৭০৮৩৫/-<br>মোবাইল ভেটেরিনারী ক্লিনিকের কার্যক্রম ফ্রি ভেটেনারিনারি মেডিকেল ক্যাম্প ও টিকা প্রদান ক্যাম্পেইন = ২টি, গরুর এলএসডি টিকা প্রদান = ২০০, গরুর জরুরী চিকিৎসা প্রদান = ৫০টি, ফিডমিল পরিদর্শন = ২টি, খামার পরিদর্শন = ১৩টি। পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের সহযোগিতায় সারা উপজেলায় ছাগল ও ভেড়াকে ৪৫৪০০ টি পিপিআর রোগের টিকা বিনা মূল্যে দেওয়া হয়েছে এবং এই কার্যক্রম চলমান থাকবে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | প্রদান করা হয়। | |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>১. মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী মা মাছ সংরক্ষণ অভিযান, ২০২৩ উপলক্ষে বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা করা হয়।<br>২. অক্টোবর/২৩ মাসে ৫০টি ক্ষতিগ্রস্ত মৎস্য চাষীর খামার পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br>৩. মৎস্য খাদ্য ও পশুখাদ্য বিধিমালা ২০১১ অনযায়ী ৪টি মৎস্য খাদ্য উৎপাদন কারখানা পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br>৪. ৪টি বাজার পরিদর্শনসহ ভালুকা বাজার মৎস্য ব্যবসায়ীদের মৎস্য সংরক্ষণ আইন মেনে চলার পরামর্শ প্রদান করা হয়।<br>৫. এ মাস পর্যন্ত ৫০জন চাষীর পুকুর পরিদর্শন এবং ১০জন চাষীকে পনি পরীক্ষাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবকি ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মৎস্য সম্পদ আইন মোতাবেক মৎস্য খাদ্যের মান, মাছের অভয়াশ্রম ব্যবস্থাপনা, মৎস্য চাষিদের খামার পরিদর্শন সহ মৎস্য উৎপাদনের ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ভালুকা |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>(১) অনলাইনে দাখিলকৃত মাদ্রাসা ও বিদ্যালয়ের অনলাইন এমপিও যাচাই বাছাই শেষে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে (২) পারফরমেন্স বেজড গ্র্যান্টস পর সেকেন্ডারী ইন্সটিটিউশনস (PBGSI) এর আওতায় ১৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের আবেদন প্রেরণ জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ (৩) বার্ষিক ক্যালেন্ডার অনুসারে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পরিদর্শন ফরম প্রেরণ করা হয়েছে (৪) পুরাতন বই সংরক্ষণ/গুদামজাত করণ সংক্রান্ত সভা সম্পন্ন করা হয়েছে (৫) মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে এসিড ব্যবহার সংক্রান্ত তালিকা সংগ্রহ করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদান করা হয়। এসিড ব্যবহারের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ভালুকা ময়মনসিংহ কে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার জন্য সিদ্ধান্তগৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভালুকা |
| ০৮ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস কর্তৃক গৃহীত কার্যাবলীঃ ১. প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রোফাইল তৈরীর কার্যক্রম চলমান রয়েছে। ২. রুটিন মাফিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। আগামী মাসে কর্তৃপক্ষের নিদের্শনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করা হবে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ভালুকা |
| ০৯ | **উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :**<br>১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি-আর) কর্মসূচির আওতায় ১ম ও ২য় পর্যায়ের প্রকল্প দ্রুত প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন এবং উপজেলা আবাসিক এলাকায় তার নিজ নামে একটি কোয়াটার বরাদ্দের জন্য অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে টি.আর / কাবিটার গৃহীত প্রকল্পের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা; চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল); উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভালুকা। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ :**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা সভায় জানান যে, এ মাসে<br>১.খাদ্য গুদাম হতে VWB খাতে তিন মাসের বিলি বিতরণ ২৩৫.০৮০ মে.টন চাল বিতরণ করা হয়েছে।<br>এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে খাদ্য শষ্য ক্রয়ে ও বিতরণে স্বচ্ছতা এবং নিয়মিত সকল তথ্য উপাত্ত পরিষদকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভালুকা। |
| ১১ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br>১.ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরনঃ অত্র উপজেলার ২০২৩-২০২৪ চক্রের ১১টি ইউনিয়নের নির্বাচিত ২৬১২ জন উপকারভোগীর ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের খাদ্যশস্য ১১টি ইউনিয়নে বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>২.মা ও শিশু সহায়তা কার্যক্রমের আওতায় ১১টি ইউনিয়নে ৬ জন করে এবং পৌরসভায় ১৩ জন করে ভাতাভোগী নির্বাচন ও ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৩.কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় অত্র উপজেলায় ১১টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১২ টি ক্লাবে কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ভাতা ভোগীরা কোন ধরণের হয়রানি না হয় তার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালুকা। |
| ১২ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) :**<br>১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত প্রকল্প সমূহ- ১। ক্ষুদ্র কুটির শিল্প, ২। পোষাক শিল্প, ৩। ডেইরী ফার্ম, ৪। পোল্ট্রি ফার্ম, ৫। মৎস্য চাষ, ৬। গরু মোটাতাজা করণ, ৭। মাল্টা চাষ, ৮। বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন ইত্যাদি কর্মকান্ডে এসএমই ঋণ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>(ছকের সকল হিসাব লক্ষ টাকায়)<br>১. ফসলী ঋণ কর্মসূচী ঃ ক্রমপুঞ্জিত বিতরণ ৩২৯.৩৯, মাসে আদায় .০৫, বছরে আদায় ০.২৬, বছরে আদায় যোগ্য ৬৯.৪৭, ক্রমপুঞ্জিত আদায় ২৫৯.৯২, মোট বকেয়া ৬৯.৪৭, মাঠে বকেয়া খেলাপী ৬৯.৪৭<br>২. আবর্তক কর্মসূচী ঃ ক্রমপুঞ্জিত বিতরণ ২২৯.৯৬, মাসে আদায় .০২, বছরে আদায় ০.৬৫, বছরে আদায় যোগ্য ১১.২১, বছরে আদায়ের হার ৬%, ক্রমপুঞ্জিত আদায় ২১৫.৫৪, মোট বকেয়া ১৪.৪২, মাঠে বকেয়া (চলতি ৭.২১, খেলাপী ৭.২১)<br>৩. মেয়াদী ঋণ কর্মসূচী ঃ ক্রমপুঞ্জিত বিতরণ ২০০.৩৪, ক্রমপুঞ্জিত আদায় ২০০.৩৪<br>৪. মহিলা অনুবিভাগ (ব্যাংক) ঃ ক্রমপুঞ্জিত বিতরণ ৬০৮.৭১, বছরে আদায় ০.০২, বছরে আদায় যোগ্য ১.৭০, বছরে আদায়ের হার ১%, ক্রমপুঞ্জিত আদায় ৬০৭.০১, মোট বকেয়া ১.৭০, মাঠে বকেয়া খেলাপী ১.৭০<br>৫. মহিলা অনুবিভাগ (নিজস্ব) ঃ বছরে বিতরণ ২৫.২৬, ক্রমপুঞ্জিত বিতরণ ৯২৪.০৮, মাসে আদায় ৩৪.৬৯, বছরে আদায় ৪০.৪৪, বছরে আদায় যোগ্য ৯৮.১০, বছরে আদায়ের হার ৪১%, ক্রমপুঞ্জিত আদায় ৭৭৬.১৬, মোট বকেয়া ১৪৭.৯২, মাঠে বকেয়া (চলতি ১৪৬.৩৩, খেলাপী ১.৫৯)<br>৬. সদাবিক কর্মসূচী ঃ ক্রমপুঞ্জিত বিতরণ ৪৪৭.৯৭, মাসে আদায় .৩৯, বছরে আদায় ১.১৮, বছরে আদায় যোগ্য ৫৪.১১, বছরে আদায়ের হার ২%, ক্রমপুঞ্জিত আদায় ৩৬৪.১১, মোট বকেয়া ৮৩.৮৬, মাঠে বকেয়া (চলতি ২৫.৫৪, খেলাপী ৫৮.৩২)<br>৭. পল্লী প্রগতি কর্মসূচী ঃ বছরে বিতরণ ১৬.২০, ক্রমপুঞ্জিত বিতরণ ১৫৪.৬১, মাসে আদায় .৩০, বছরে আদায় ২.৭৫, বছরে আদায় যোগ্য ৩৭.৪২, বছরে আদায়ের হার ৮%, ক্রমপুঞ্জিত আদায় ১০৬.৮২, মোট বকেয়া ৪৭.৭৯, মাঠে বকেয়া (চলতি ২৬.৪২, খেলাপী ২১.৩৭)<br>৮. বীর মুক্তিযুদ্ধা কর্মসূচী ঃ বছরে বিতরণ ১.৩০, ক্রমপুঞ্জিত বিতরণ ৪৪.৬১, মাসে আদায় ১.০০, বছরে আদায় ১.৪০, বছরে আদায় যোগ্য ১৩.৪৩, বছরে আদায়ের হার ১০%, ক্রমপুঞ্জিত আদায় ২৮.৭৮, মোট বকেয়া ১৫.৮৩, মাঠে | ১. বিস্তারিত আলোচনান্তে এ বিভাগের প্রতিটি ক্ষেত্রে অনুষ্ঠিতব্য সভায় সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, সম্পর্কে সচেতনতামূলক আলোচনা অব্যাহত রাখাসহ সরকারি বিধি মোতাবেক ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভালুকা। |

| | | | |
|---|---|---|---|
| | বকেয়া (চলতি ৬.৫২, খেলাপী ৯.৩১)<br>৯. কোভিড-১৯ প্রণোদনা ঋণ ঃ ক্রমপুঞ্চিত বিতরণ ১৫৩.২০, মাসে আদায় ১৩.৭৩, বছরে আদায় ১৮.৪৪, বছরে আদায় যোগ্য ৪৮.২১, বছরে আদায়ের হার ৩৮%, ক্রমপুঞ্জিত আদায় ১৩৭.৬৫, মোট বকেয়া ১৫.৫৫, মাঠে বকেয়া চলতি ১৫.৫৫<br>বিআরডিবি সমিতি পর্যায়ে ঋণদান কর্মসূচী ছাড়াও বিভিন্ন সেবা মূলক কর্মকান্ড পরিচালনা করে থাকে। ঋণ বিতরণের সময় সমিতির সদস্যদের সন্ত্রাস, জঙ্গীবাদের কুফল, মাদকের কুফল, কোভিড-১৯ করোনা, ডেঙ্গু সম্পর্কে সচেতনতামূলক আলোচনা ছাড়াও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৩ | **<u>উপজেলা সমাজসেবা দপ্তর :</u>**<br>১. উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তরের সামাজিক নিরাপত্তার শাখার ১০ আগস্ট ২০২৩ ইং তারিখের ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৪০ নং স্মারক মূলে ২০২৩-২০২৪ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কর্মসুচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিপ্তরের web based Management Information Systems (MIS) এর মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ভাতা প্রাপ্তির জন্য সম্মানিত ভাতাপ্রত্যাশী ব্যক্তিগণ <u>mis.bhata.gov.bd/ online Application</u> এই লিংকে প্রবেশ করে ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেছেন। উপজেলা সমাজসেবা অফিস, ভালুকা, ময়মনসিংহে ৬৪৪১ টি বয়স্ক ভাতা, ৬০৯২ টি বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং ১৪৬৩ টি প্রতিবন্ধী ভাতার আবেদন সহ সর্বমোট ১৩৯৯৬ টি আবেদন জমা হয় । সমাজসেবা অধিদপ্তর হতে প্রদত্ত বরাদ্দ অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ বাস্তবায়ন নীতিমালার আলোকে সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদিত তালিকার উপকারভোগীদের প্রয়োজনীয় তথ্য MIS এ সন্নিবেশন এবং এন্টিকৃত ডাটার ভেলিডেশন করা হবে। অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে প্রশাসানিক মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চুড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৩ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। সকল ভাতার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করা হবে । সে পরিপ্রেক্ষিতে ভালুকা পৌরসভার সম্মানিত মেয়র এবং সংশ্লিষ্ট ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণকে বিদ্যমান নীতিমালা অনুযায়ী তালিকা প্রস্তুত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয় ।<br>২. উপজেলা সমাজসেবা অফিসার, ভালুকা, ময়মনসিংহ সভায় আরও জানান যে, সমাজসেবা অধিদপ্তর দেশের দুঃস্থ, দরিদ্র, সামাজিক সমস্যাগ্রস্ত, অনগ্রসর জনগোষ্ঠী, অসহায়, এতিম, বীর মুক্তিযোদ্ধা, বয়স্ক, বিধবা, বিপন্ন শিশু, প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত এবং আইনের সঙ্গে সংঘাতে জড়িত ও আইনের সংস্পর্শে আসা শিশুদের কল্যাণ, অধিকার সুরক্ষা, আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করছে । উপজেলা সমাজসেবা অফিস, ভালুকায় সর্বমোট ১৮ জন কর্মচারী রয়েছে । এর মধ্যে মাত্র ০২ টি কক্ষ রয়েছে ২য় তলায়, নিচতলাটি পরিত্যক্ত অবস্থায় রয়েছে যার কারণে আগত সেবা প্রার্থীদের ইচ্ছা থাকা সত্তেও পর্যাপ্ত স্থান সংকুলানের অভাবে সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না । এছাড়া দুঃস্থ, দরিদ্র, অসহায়, এতিম, বীর মুক্তিযোদ্ধা, বয়স্ক, বিধবা, বিপন্ন শিশু, প্রতিবন্ধী লোকজন ২য় তলায় উঠতে পারে না । তাই জনস্বার্থে উপজেলা পরিষদ কমপ্লেক্সে ০৪ (চারটি) কক্ষ সমাজসেবা কার্যালয়কে দেওয়া অথবা সমাজসেবা ভবনের নিচতলাটি সংস্কার করার জন্য উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দের জন্য পুনরায় বিনীত অনুরোধ জানান। | ১. বিস্তারিত আলোচনান্তে ভাতা কার্ড প্রদানের বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক সকল ভাতাভোগী যথা সময়ে ভাতা পাওয়া এবং প্রতিস্থাপনের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।<br><br>২. উপজেলা পরিষদের গত এপ্রিল-২০২৩ মাসের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক সমাজসেবা কার্যালয়ের নীচতলার কক্ষটি সমাজসেবা অফিসে আগত সেবাগ্রহীতা ও অফিসের কার্যক্রম পরিচালানার করার জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্তগৃহীত হয়েছে এবং কক্ষটি ব্যবহার উপযোগী করার প্রয়োজনে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) কে সার্বিক সহযোগীতা করার পরামর্শ প্রদান হয়েছে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভালুকা। |

<table>
<tr>
<td>১৪</td>
<td><u>জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন :</u><br>সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা সভায় জানান যে, এ মাসের ভালুকা উপজেলা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আওতায় নতুন রোগীর সংখ্যা ৩৪জন, সর্বমোট রোগীর সংখ্যা ৮১১৩ জন, প্রতিদিন আগত রোগীর সংখ্যা ৩৫/৪০ জন, চক্রাকারে রোগীর সেবার সংখ্যা ৭৭৭ জন, চক্রাকারে সর্বমোট রোগীর সংখ্যা = ১৩৮১৮৪ জনকে সেবা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধী ও অটিজম শিশুদের মাঝে বিনামূল্যে ফিজিওথেরাপী, স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপী এবং অকুপেশনাল থেরাপী নিয়মিত প্রদান করা হয়। এছাড়াও অটিজম শিশুদের জন্য টয়লাইব্রেরী চালু করা হয়েছে। গত জুন/২৩ মাসে ২৫টি হুইল চেয়ার ও ৫টি ট্রাই সাইকেল সেবা কেন্দ্রে মজুদ রয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষণিক মনিটরিং এর মাধ্যমে সরকারি বিধি মোতাবেক বিনামূল্যে প্রতিবন্ধী ও অটিজম ব্যক্তি/শিশুদের চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, ভালুকা।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td><u>উপজেলা সমবায় বিভাগ :</u><br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে,<br>০১. কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যাঃ-০৪টি, (বিভাগীয়-২টি, বিআরডিবি ২টি)<br>০২. মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা = ৩২৫টি, কার্যকর সমবায় সমিতির সংখ্যা = ২০০টি, অকার্যকর সমবায় সমিতির সংখ্যা = ১০৭টি, নতুন নিববন্ধিত সমবায় সমিতির সংখ্যা (আশ্রয়ন প্রকল্প ১৩টি) ও (অন্যান্য ০৫টি)<br>৩. চলতি মাস পর্যন্ত অডিট সম্পাদনঃ ৪৩টি।<br>৪. চলতি মাস পর্যন্ত সমবায় সমিতি পরিদর্শনের সংখ্যাঃ ০৬টি।<br>৫. মোট শেয়ার মূলধনের পরিমানঃ ৯৫,২৯,০০০/-টাকা।<br>৬. মোট সঞ্চয় আমানতের পরিমানঃ ৯৬৫,২৫,০০০/-টাকা।<br>৭. ২০২১-২০২২ অডিট বর্ষে আদায়কৃত অডিট ফি ব্যাংকে জমার পরিমানঃ ১৫৪৭০/-<br>৮. ২০২১-২০২২ অডিট বর্ষে আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিল ব্যাংকে জমার পরিমানঃ ৪৬৪৬/-<br>৯.২০২২-২০২৩ অর্থ বছরে সমবায় সমিতির নিবন্ধন ফি ও ভ্যাট ট্রেজারী চালানে ব্যাংকে জমার পরিমানঃ ৬০০/-টাকা। শতভাগ অডিট ফি, ভ্যাট, ও সমবায় উন্নয়ন তহবিল এর অর্থ আদায় পূর্বক সরকারী কোষাগারে ব্যাংকে জমা প্রদান করা হয়েছে।<br>১০। আশ্রয়ন প্রকল্পের ঋণ প্রদান সংক্রান্ত তথ্যঃ<br>
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ব্যারাক সংখ্যা</th><th>পূণর্বাসিত পরিবারের সংখা</th><th>বিতরণকৃত ঋণের পরিমান</th><th>আদায়কৃত ঋণের পরিমান</th><th>পাওনা ঋণের পরিমান</th></tr>
<tr><td>ধুলিকুড়ি আশ্রয়ন প্রকল্প</td><td>০২টি</td><td>২০টি</td><td>৬৬৬০০০</td><td>৩৬২৮৬৫</td><td>৩৫৬১৩৫</td></tr>
<tr><td>বনগাঁও আশ্রয়ন প্রকল্প</td><td>০৬টি</td><td>৬০টি</td><td>১৮০০০০০</td><td>১৩০৯১৭৭</td><td>৬৩৪৮২৩</td></tr>
<tr><td>হাতিবেড় আশ্রয়ন প্রকল্প</td><td>১৪টি</td><td>১৪০টি</td><td>২৫৫৩০০০</td><td>১২৪৪০১২</td><td>১৫১৩২২৮</td></tr>
<tr><td>মোট</td><td>২২টি</td><td>২২০টি</td><td>৫০১৯০০০</td><td>২৯১৬০৫৪</td><td>২৫০৪১৮৬</td></tr>
</table>
<br>আশ্রয়ন-২ প্রকল্পে উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ এর মাধ্যমে ১৩টি আশ্রয়নে নিবন্ধনের মাধ্যমে ১৩টি আশ্রয়ণ সমবায় সমিতি গঠন করা হয়েছে। এই প্রকল্পগুলিতে সরকারী অর্থ বরাদ্দ প্রাপ্ত হলে নীতিমালা অনুযায়ী সরকারী অর্থ প্রদানসহ অন্যান্য কাযক্রম গ্রহণ করা হবে। ২০২২-২০২৩অর্থবছরে আশ্রয়ন প্রকল্প সমিতিগুলির অডিট বরাদ্দ প্রাপ্ত হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা হচ্ছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সমিতি সমূহের কার্যক্রম সার্বক্ষণিক মনিটর অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা সমবায় অফিসার, ভালুকা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>১৬</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :</u><br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভায় জানান যে,<br>১। PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন করে ২৮৬টি অগভীর সাব-মার্সেবল পাম্পযুক্ত নলকূপের বরাদ্দপাওয়া গিয়েছে।<br>২। PSWSC প্রকল্পের আওতায় ১৮টি মিনি ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজ চলমান আছে।<br>৩। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৪টি পাবলিক টয়লেট, ৬টি কমিউনিটি ল্যাট্রিন, ৯টি হ্যান্ড ওয়াশিং স্টেশন, ১০টি কমিউনিটি ক্লিনিকের মেরামতের কাজ চলমান এবং ইউনিয়ন পর্যায়ে ৩৮টি মিনি ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজ চলমান আছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে বরাদ্দকৃত নলকুপ স্থাপনকালে নিয়মিত মনিটরিং এর মাধ্যমে চলমান প্রকল্পগুলির কাজের গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপ-সহকারী / সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভালুকা</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ :</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ মাসে নিম্নোক্ত কাজগুলি সম্পন্ন করা হয়েছে।
<table>
<tr><th rowspan="2">বিষয়</th><th colspan="3">কর্মসূচীর নাম</th></tr>
<tr><th>যুব প্রশিক্ষণ ও আত্নকর্মসংস্থান (রাজস্ব)</th><th>জোরদান করণ</th><th>পরিবার ভিত্তিক</th></tr>
<tr><td>প্রশিক্ষণ (অপ্রা)</td><td>৪২০</td><td>-</td><td></td></tr>
<tr><td>অথ বছরের লক্ষ মাত্রা</td><td>৩০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসের অগ্রগতি</td><td>৩০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>অর্থ বছরের অগ্রগতি</td><td>৯৩৬২</td><td>২১৯৭</td><td>-</td></tr>
<tr><td>শুরু থেকে ক্রমপুঞ্জিত অগ্রগতি</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আত্নকর্মসংস্থান</td><td>৬০</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>বার্ষিক লক্ষ মাত্রা</td><td>১৫</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরের অগ্রগতি</td><td>২৫%</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>শতকরা হার</td><td>৫৮৩৩</td><td>১৫৪২</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত অগ্রগতি</td><td>৫টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>জাতীয় পুরস্কার প্রাপ্ত আত্নকর্মীর সংখ্যা</td><td>-</td><td>-</td><td></td></tr>
<tr><td>যুব কার্যক্রম</td><td>৮৭৮১০৯/-</td><td>৪০০০০০/-</td><td>-</td></tr>
<tr><td>মুল ঋণ তহবিল</td><td>৮৮৭৯৭৫৮/-</td><td>৫০৮৯৭০/-</td><td>-</td></tr>
<tr><td>মোট ঋণ তহবিল</td><td>৩৩০০০০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ মাত্রা</td><td>১০১০০০০/-( ২০ জন)</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে বিতরণ</td><td>১০১০০০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি অর্থ বছরে ঋণ বিতরণ</td><td>৪৫৩৬২৭৬০/-</td><td>৩০০০০০/-</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত বিতরণ</td><td>৩১৮৬০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান আদায় যোগ্য (আসল)</td><td>৩১৮৬০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান আদায়কৃত (আসল)</td><td>১০০%</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে আদায়ের হার</td><td>৩১৮৬০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি আদায়যোগ্য</td><td>৩১৮৬০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি আদায়কৃত</td><td>১০০%</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলতি আদায়ের হার</td><td>৩৯৩৮৩৩৮৫/-</td><td>৩০০০০০/-</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায় যোগ্য</td><td>৩৭৩৬১১১১/-</td><td>৩০০০০০/-</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়কৃত</td><td>৯৫%</td><td>১০০%</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত আদায়ের হার</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে কিস্তি খেলাপী</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে মেয়াদোত্তীর্ণ খেলাপী</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে মোট খেলাপী</td><td>৩১৭৩০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>চলমান মাসে আদায়কৃত মেয়াদত্তীর্ণ খেলাপী</td><td>১১৯১৯৭/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী</td><td>১৯০৩০৭৭/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত মেয়াদর্ত্তীণ খেলাপী</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>যুব সংগঠন কার্যক্রম</td><td>৭৬টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>তালিকা ভুক্ত যুব সংগঠনের সংখ্যা</td><td>১৯টি</td><td>-</td><td>-</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায়ের জন্য পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভালুকা</td>
</tr>
</table>

<table>
<tr><td></td><td><table>
<tr><td>রেজিষ্ট্রেশন প্রাপ্ত যুবসংগঠনের সংখ্যা</td><td>৪৯টি<br>১৩৯৭৫০০/-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>অনুদান প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা ও টাকার পরিমান</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪২০</td><td>-</td><td>-</td></tr>
</table>
এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৮</td><td><u>উপজেলা পরিসংখ্যান বিভাগ :</u><br>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, এ মাসে সম্পাদিত কার্যক্রমের মধ্যে ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান জরিপের কাজ মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহের মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>১। স্থায়ী ফসল পেয়ারা, বাতাবি লেবু, কাগজি লেবু, পেপে ইত্যাদি ফসলের আনুমানিক হিসাব প্রস্তুত করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>২। অস্থায়ী ফসল চিচিংগা, শশা, বেগুন, পটল ইত্যাদি ফসলের আনুমানিক হিসাব প্রস্তুত করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৩। প্রধান ফসল আউশ ফসলের নমুনা কর্তন এবং পাট ফসলের নমুনা কর্তন প্রতিবেদন প্রস্তুত করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৪। ভূমি ব্যবহার ও সেচ পরিসংখ্যান জরিপ প্রতিবেদন প্রস্তুত করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>৫। এসভিআরএস ইন ডিজিটাল প্লাটফর্মের আওতায় টি পিএসইউ থেকে জন্ম মৃত্যু বিবাহ তালঅক আগমন এবং বহিঃগমন তথ্য সংগ্রহ করে জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এ ছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ভালুকা।</td></tr>
<tr><td>১৯</td><td><u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :</u><br>উপজেলা সিনিয়র দারিদ্র্য বিমোচন অফিসার সভায় জানান যে, এ মাসে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম পরিচালনা করা হয়েছে।<br>১। ঋণ বিতরণ : ক্ষুদ্র ঋণ ২৫.৫৫ লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ৮.৭০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৬৪.০০ লক্ষ, প্রনোদনা ঋণ ১৪.০০, মোট ১১২.২৫ লক্ষ টাকা।<br>২। ঋণ আদায় :ক্ষুদ্র ঋণ ২৬.৯৩লক্ষ, নারী উদ্যোক্তা ঋণ ১০.৮০ লক্ষ, উদ্যোক্তা ঋণ ৩২.৩৪ লক্ষ, প্রনোদনা ঋণ ৫.৪৮, মোট ৭৫.৫৫ লক্ষ টাকা।<br>৩। ঋণ আদায়ের হার : ক্ষুদ্র ঋণ ৯৮%, নারী উদ্যোক্তা ঋণ ৯৭%, উদ্যোক্তা ঋণ ৯৮%, প্রনোদনা ঋণ ১০০%, সকল ধরনের সঞ্চয় আদায় = ১৮.৯৫ লক্ষ, সঞ্চয় ফেরত = ১৭.৫০ লক্ষ টাকা মাত্র। এ ছাড়াও দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং সরকার নির্ধারিত বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায় করার পরামর্শ প্রদান করা হয়।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভালুকা।</td></tr>
<tr><td>২০</td><td><u>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তার কার্যালয়ঃ</u><br>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা সভায় জানান যে, এ মাসের সাংগাঠনিক কার্যক্রম ও ঋণদান কার্যক্রমের তালিকা নিম্নে উপস্থাপন করা হলো।<br><u>১. সাংগাঠনিক কার্যক্রমঃ (ক) পল্লী জীবিকায়ন কর্মসূচী :</u> ক্রমপুঞ্জিত সমিতি গঠন ৯১, ক্রমপুঞ্জিত সদস্য ১৯২৩, ক্রমপুঞ্জিত শেয়ার জমা ৮.২২ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৩৩.৮০ লক্ষ টাকা।<br><u>(খ) পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায়ঃ</u> বছরে সমিতি গঠন ০১, ক্রমপুঞ্জিত সমিতি গঠন ১৯, মাসে সদস্য ভর্তি ৪৯, বছরে সদস্য ভর্তি ৬৪, ক্রমপুঞ্জিত সদস্য ৩২২, মাসে সঞ্চয় জমা ১.২৪, বছরে সঞ্চয় জমা ৬.০৫, ক্রমপুঞ্জিত সঞ্চয় জমা ৭.৮৮ লক্ষ টাকা।</td><td>বিস্তারিত আলোচনান্তে এ ধারা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং সরকার নির্ধারিত বিধি মোতাবেক ঋণ বিতরণ ও আদায় করার পরামর্শ প্রদান করা হয়।</td><td>প্রকল্প কর্মকর্তা, প্রজীপ, ভালুকা</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td><u>২. ঋণ কার্যক্রমঃ (ক) পল্লী জীবিকায়ন কর্মসূচীঃ</u> ক্রমপুঞ্জিত বিতরণ ৬০৫.২০ লক্ষ টাকা, মাসে আদায় .৩৮ লক্ষ টাকা, বছরে আদায় ৪.৯৫, ক্রমপুঞ্জিত আদায় ৫০২.১৪, মাঠে পাওনা চলতি ৮.২৫ লক্ষ টাকা, খেলাপী ১৩৮.৭০ লক্ষ টাকা।<br><u>(খ) পল্লী জীবিকায়ন প্রকল্প ৩য় পর্যায়ঃ</u> মাসে বিতরণ ১৯.১০, বছরে বিতরণ ৬০.২০, ক্রমপুঞ্জিত বিতরণ ৬৮.৯০ লক্ষ টাকা, মাসে আদায় ২.৪০ লক্ষ টাকা, বছরে আদায় ১৩.৬৪, ক্রমপুঞ্জিত আদায় ১৩.৬৪ লক্ষ টাকা।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২১</td>
<td><u>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) বিভাগ :</u><br>উপ-সহকারী প্রকৌশলী( বিএডিসি), ভালুকা, ময়মনসিংহ সভায় জানান যে, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে তার কাজে আরও গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি)</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td><u>পল্লী সঞ্চয় ব্যাংক :</u><br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা শাখা, ময়মনসিংহ সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিম্নরূপ :
<table>
<tr><td>ইউনিয়নের সংখ্যা (পৌরসভাসহ)</td><td>১২টি</td></tr>
<tr><td>সমিতির সংখ্যা</td><td>৩৫৫টি</td></tr>
<tr><td>সদস্য / উপকারভোগীর সংখ্যা</td><td>১৬৪২৯ জন</td></tr>
<tr><td>সদস্যদের নিজস্ব সঞ্চয়</td><td>৮৮৪৮৩৪১৪ টাকা</td></tr>
<tr><td>উৎসাহ বোনাস</td><td>৫৯৭২৮০৮৯ টাকা</td></tr>
<tr><td>ঘূর্ণায়মান তহবিল</td><td>৯৯৭১৯০০০ টাকা</td></tr>
<tr><td>তহবিল গঠন</td><td>৩২৯৫৪৫৫৩৫ টাকা</td></tr>
<tr><td>আয়বর্ধক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদানকৃত উপকোরভোগীর সংখ্যা (গরু মোটাতাজা করণ, মাছ চাষ, হাঁস মুরগী পালন, সবজি চাষ)</td><td>৩৮৯২ জন</td></tr>
<tr><td>বাস্তবায়িত ক্ষুদ্র আয়বর্ধক প্রকল্প সংখ্যা</td><td>১১৩০৮ টি</td></tr>
<tr><td>ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের পরিমান</td><td>৮৫২৬৩৭০০০ টাকা</td></tr>
<tr><td>আদায়কৃত ঋণের পরিমাণ</td><td>৬৩৩১৯২১৫১ টাকা</td></tr>
<tr><td>ঋণ আদায়ের হার</td><td>৭৮%</td></tr>
<tr><td>ঋণ স্থিতি</td><td>৩০২২২৯৯৯৯ টাকা</td></tr>
<tr><td>খেলাপি ঋণের পরিমান</td><td>৯৩৮১৯৫৫৯ টাকা</td></tr>
<tr><td>খেলাপি ঋণের হার</td><td>৩৩%</td></tr>
</table>
১. সঞ্চয় / আমানত আদায়ঃ ক্ষুদ্র সঞ্চয় আদায় = ২৯৮৫০০/- মাসিক সঞ্চয়ী স্কীম = ৪৮৭০০/- মোট = ৩৪৭২০০/-<br>২.ঋণ বিতরণঃ ক্ষুদ্র ঋণ বিতরণ = ৭৪১৫০০০/- ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ = ২০০০০০/- মোট ঋণ বিতরণ = ৭৬১৫০০০/-<br>৩. ঋণ আদায়ঃ ৬৮৭৬৭৬০/- এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা কে সরকারি বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায়ের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ভালুকা,ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td><u>উপজেলা তথ্যকেন্দ্র অফিস :</u><br>উপজেলা তথ্য আপা সভায় জানান যে, গত দুই মাসে ডোর টু ডোর ও উঠান বৈঠকের মাধ্যমে প্রায় ১১০৮জন গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের বিনামূল্যে কৃষি, শিক্ষা, ব্যবসা, জেন্ডার, আইনি সহায়তা এবং ডিজিটাল ডিভাইসের সাহায্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা (প্রেসার, ডায়াবেটিস, ওজন, উচ্চতা, তাপমাত্রা, পালস) তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা সমুহ বিনামূল্যে প্রদান করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা তথ্য আপা এর কাজ আরও গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</td>
<td>উপজেলা তথ্য আপা, ভালুকা,ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>২৪</td>
<td><u>ইসলামিক ফাউন্ডেশন :</u><br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, এ মাসে ৯০টি কেন্দ্র ও ২টি সাধারণ রিসোর্স সেন্টার এবং ২টি দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা পরিদর্শন করা হয়েছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি মোতাবেক শিক্ষকার্যক্রম অব্যাহত রাখার</td>
<td>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভালুকা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ২. ৮নং ডাকাতিয়া ইউনিয়নে আঙ্গারগাড়া চৌধুরীবাড়ী প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ফিল্ড সুপারভাইজার কর্তৃক অভিভাবক সমাবেশে যোগদান।<br>৩. মডেল কেয়ারটেকার কর্তৃক ৪০টি কেন্দ্র ও ২ জন সাধারণ কেয়ারটেকার কর্তৃক ৩৩+৩৫=৬৮টি কেন্দ্র পরিদর্শন করা হয়েছে।<br>৪. ডেঙ্গু ও চিকুনগুনিয়ার বিষয়ে জনসচেতনতা আনয়নে মসজিদে লিফলেট বিতরণ এবং জুম'আর খুতবায় খতিবগণের মাধ্যমে বক্তব্য প্রদানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও বাল্যবিবাহ যৌতুক ইভটিজিং মাদক ও সন্ত্রাস-জঙ্গীবাদ প্রতিরোধে সামাজিক সমস্যাবলী নিরসনে আলোচনা অব্যাহত রয়েছে।<br>৫. প্রতিটি শিক্ষা কেন্দ্রের পাশে খালি জায়গায় বৃক্ষরোপন করার জন্য কেন্দ্র শিক্ষক ও অভিভাবকদের উৎসাহিত করা হয়। | জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয় । | |

বিবিধ আলোচনা না থাকায় সভার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ মহোদয় উপজেলা পরিষদ সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান এবং উপজেলা পরিষদের কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। পরিশেষে সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ

স্মারক নম্বর : উনিঅ/ভালুকা/উ:জে:মা:সভা/২০২৩- ৯৪২ তারিখঃ ২০/১১/২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৬, ময়মনসিংহ-১১, ভালুকা ও সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন-৩২৬, ময়মনসিংহ-২৬।

০৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।

০৪। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।

০৫। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।

০৬। পুলিশ সুপার, ময়মনসিংহ ।

০৭। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।

০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।

০৯। মেয়র, ভালুকা, পৌরসভা, ময়মনসিংহ ।

১০। ভাইস চেয়ারম্যান (পুরুষ ও মহিলা), উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ ।

১১। উপজেলা ........................ অফিসার, ভালুকা, ময়মনসিংহ ।

১২। চেয়ারম্যান ...................... ইউনিয়ন পরিষদ (সকল), ভালুকা,ময়মনসিংহ ।

১৩। জনাব/বেগম ......................

১৪। অফিস কপি।

(মোঃ এরশাদুল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ভালুকা, ময়মনসিংহ